# বরিশাল বোর্ড-২০১৭

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

### সৃজনশীল প্রশ্ন

**সময়-২ ঘন্টা ৩০ মিনিট** পূর্ণমান– ৭০

*[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **চারটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ : ব্যাংকিং

**১.▶** পুরবী ব্যাংক লি. গরম কাপড় ব্যবসায়ীদের প্রচুর ঋণ দেয়। এ বছর শীত কম থাকায় অনেক ব্যবসায়ী বেকাদায় পড়ে তাদের ব্যবসায় গুটিয়ে নিয়েছে। ব্যাংকের ঋণের টাকা ঠিকমত আদায় হচ্ছে না। আমানতকারীগণ তাদের অর্থ ফেরত নেয়ার জন্য ব্যাংকে ধর্ণা দিচ্ছে।

ক. ব্যাংক কী? ১

খ. KYC নীতি কেন গ্রহণ করা হয়? ২

গ. পুরবী ব্যাংক লি. বর্তমানে কী সমস্যায় পড়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ব্যাংকটির কি একক ক্ষেত্রে ঋণ দেয়া যুক্তিযুক্ত হয়েছে? বুঝিয়ে লেখ। ৪

**২.▶** ছাত্রজীবনে রাজশাহীর মাদার বখ্শ হলে থাকতাম। বাড়ি থেকে টাকা পাঠালে কয়েকদিন সময় লাগত। বর্তমানে আমার বন্ধু হাবীব স্থানীয় ব্যাংকের একটি শাখা ব্যবহার করে তার ছেলেকে উন্নত প্রযুক্তিতে টাকা পাঠায় যা পেতে তার ছেলের পাঁচ মিনিট সময় লাগে। কোনো চেক কাটারও দরকার হয় না। বর্তমান প্রযুক্তির অভাবে এদেশের অনেক পুরানো ব্যাংক পিছিয়ে রয়েছে।

ক. একক ব্যাংক কী? ১

খ. একক ব্যাংক কি শাখা ব্যাংক থেকে আলাদা? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন ধরনের ব্যাংকিং এর কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'পূর্বের তুলনায় বর্তমান ব্যাংক ব্যবস্থা ভালো'– উদ্দীপকে আলোকে ব্যাখ্যা করো। ৪

**৩.▶** মি. রহমান সোনালী ব্যাংক, দিনাজপুর শাখায় একটি হিসাব খুলে নির্দিষ্ট সময়ের জন্য জমা রাখেন। টাকার দরকার হওয়ায় হিসাব খোলার কিছুদিন পরে ব্যাংকে গেলে ব্যাংক তাকে টাকা দিতে অস্বীকৃতি জানায়। পরে তিনি ব্যাংকারের পরামর্শে ঐ ব্যাংকে নিয়মিত টাকা জমা ও উত্তোলন করা যাবে এমন একটি হিসাব খুলেন।

https://teachingbd24.com

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. গোপনীয়তা ব্যাংকের অতি গুরুত্বপূর্ণ নীতি কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মি. রহমানের প্রথম হিসাবটি কী ধরনের ছিল তা ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. রহমানের আগে ও পরে খোলা হিসাব দুইটির মধ্যে কোনটি তার জন্য উত্তম? বুঝিয়ে লিখ। ৪

৪.▶ লোটাশ ব্যাংক জনগণের আমানত সংগ্রহের মাধ্যমে ব্যাংকিং কার্যাবলি পরিচালনা করে। ব্যাংকের গ্রাহক আরিফ মাহমুদ শর্তপূরণ সাপেক্ষে ১০ বছরের জন্য ২০ লক্ষ টাকা ঋণের জন্য আবেদন করলে ব্যাংকটি সাথে সথে অস্বীকৃতি জানায়। এতে আরিফ মাহমুদ ঐ ব্যাংকের হিসাব বন্ধ করে দিয়ে অন্য ব্যাংকে হিসাব খোলার সিদ্ধান্ত নেন।

ক. তারল্য কী? ১

খ. ঋণ কীভাবে আমানত সৃষ্টি করে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি কী ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. লোটাশ ব্যাংকের ঋণ না দেয়ার সিদ্ধান্তটি বিশ্লেষণ করো। ৪

৫.▶ জনাব শাকিনুর একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়িক প্রয়োজনে মাঝে মাঝে বাকিতে লেনদেন করেন। লেনদেনকৃত বাকির টাকা পরবর্তীতে নগদে এবং চেকের মাধ্যমে সংগ্রহ করেন। অতি সম্প্রতি তিনি দু'টি চেকের মাধ্যমে বাকির টাকা জনাব ফরিদের নিকট থেকে পেয়েছেন। জনাব শাকিনুর জনতা ব্যাংকে লেনদেন করেন। কিন্তু তিনি চেক দু'টি জনতা ও অগ্রণী ব্যাংকের নামে পেয়েছেন। তিনি চেক দুটি নিয়ে তার লেনদেনকৃত জনতা ব্যাংকে যান। ব্যাংক তাৎক্ষণিকভাবে একটি চেকের টাকা দিতে চাইলেও অন্যটির জন্য সাতদিন সময় চাইল।

ক. নিকাশ ঘর কী? ১

খ. সঞ্চয়ী হিসাবে টাকা কি ইচ্ছামত যত খুশি যখন তখন তোলা সম্ভব? ব্যাখ্যা করো। ২

গ. জনতা ব্যাংক জনাব শাকিনুরকে কোন চেকের টাকা তাৎক্ষণিকভাবে দিতে চাইল, কেন? তা ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাংক কেন অন্য চেকের টাকা দিতে সাত দিন সময় চাইল? দু'টি চেকের বৈশিষ্ট্য উল্লেখপূর্বক তা ব্যাখ্যা করো। ৪

https://teachingbd24.com

৬.▶ জনাব শিহাব একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক। তিনি তার কর্মচারীদের চেকের মাধ্যমে বেতন দেন। হাসিব নামে তার এক নতুন কর্মচারী তার কাছ থেকে একটি চেক পায়। হাসিব চেকের বাম কোণে দুটি রেখা ও এর মধ্যে A/C Payee লেখাটি দেখতে পায়। হাসিবকে তার বন্ধু নাছির জানায়, চেকটি অধিক নিরাপদ।

ক. চেকের প্রাপক কে? ১

খ. ব্যাংক হিসাবে পর্যাপ্ত অর্থ না থাকা সত্ত্বেও চেক ইস্যু করা কি চেকের অমর্যাদার মধ্যে পড়ে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত চেকটি নিরাপদ কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব শিহাবের কর্মচারীদের সাথে আর্থিক লেনদেন কি সঠিক? ব্যাখ্যা করো। ৪

৭.▶ তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলো সীমাহীন ঋণ দেয়ার কারণে দেশে মুদ্রাস্ফীতি দেখা দিয়েছে। কেন্দ্রীয় ব্যাংক-এ তালিকাভুক্ত ব্যাংকগুলোকে এখন ১% বেশি আমানতী টাকা জমা দিতে হচ্ছে। আর্থিক স্বচ্ছল বড় ব্যাংকগুলোর অনেকেই এটি মানতে নারাজ। বর্তমানে কেন্দ্রীয় ব্যাংকের নিকাশ ঘর সুবিধাবঞ্চিত হওয়ার ভয়ে সকল তালিকাভুক্ত ব্যাংকই তা মানতে বাধ্য হচ্ছে।

ক. ব্যাংক হার নীতি কী? ১

খ. ঋণদানের শেষ আশ্রয়স্থল বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলোর নিকাশ ঘর সুবিধা না পাওয়ার এত ভয় কেন? উদ্দীপকের আলোকে তা ব্যাখ্যা করো। ৪

## খ বিভাগ: বিমা

৮.▶ জনাব শাকিল একটি নতুন ট্রাক কিনেন এবং তা সুরক্ষার জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। গরু ব্যবসায়ী শিপলু দিনাজপুর থেকে ঢাকায় গরু ট্রাকে নিয়ে যাবার জন্য ট্রাকটি ভাড়া করেন। পথিমধ্যে গরু বোঝাই ট্রাকটি উল্টে ক্ষতিগ্রস্ত হয় এবং গরুগুলো মারা যায়। জনাব শাকিল ট্রাক ও গরুর জন্য বিমার দাবি করলে বিমা কোম্পানি শুধু ট্রাকের বিমা দাবি পূরণ করে। গরুগুলোর ক্ষতিপূরণ শাকিলকেই দিতে হয়।

ক. ব্যক্তিগত দুর্ঘটনা বিমা কী? ১

খ. গবাদিপশু বিমা কেন করা হয়? ২

গ. জনাব শাকিলের বিমাটি কী ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব শাকিলকে ভবিষ্যতে ক্ষতি থেকে রেহাই পেতে কী করতে হবে? বুঝিয়ে লেখ। ৪

Teachingbd24.com

৯.▶ মি. রফিকুল চট্টগ্রাম বন্দর থেকে নিউয়র্কে চাল পাঠানোর জন্য একটি জাহাজ ভাড়া করেন। সামুদ্রিক ঝড়ের কবলে চালের ক্ষতির ভয়ে তিনি একটি বিমাপত্র গ্রহণ করেন। জাহাজটি ডুবোচরে আটকে গেলে কয়েক বস্তা চাল সমুদ্রে ফেলে দিয়ে জাহাজটি বিপদমুক্ত করা হয়। বিমাকারীর নিকট চালের ক্ষতিপূরণ চেয়ে আবেদন করলে বিমাকারী তা প্রত্যাখ্যান করে।

ক. বিমা কী? ১

খ. স্বার্থ ছাড়া বিমা চুক্তিসম্পন্ন হয় না কেন, ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিমাপত্রটি কী ধরনের বিমাপত্র? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. রফিকুল কী সমুদ্রে ফেলে দেয়া চালের ক্ষতিপূরণ পাবেন? ব্যাখ্যা করো। ৪

১০.▶ জনাব আবুল একজন বসুন্ধরা গ্যাস ব্যবসায়ী। তিনি তার নিরাপত্তার জন্য সম্পদের বিপরীতে ৭০ লক্ষ টাকার বিমা করেন। পক্ষান্তরে তার বিমাকারী নিরাপত্তার জন্য অপর এক বিমা কোম্পানির সাথে ৬০ লক্ষ টাকার বিমা করেন। অগ্নিকাণ্ডে জনাব আবুলের ৫০ লক্ষ টাকার ক্ষতি হয়। তিনি তার বিমা কোম্পানির নিকট দাবি পেশ করেন।

ক. অগ্নি বিমা কী? ১

খ. অগ্নি বিমা ক্ষতিপূরণের চুক্তি কেন? ২

গ. মি. আবুলের বিমাকারী কীরূপ বিমা করেছেন? বুঝিয়ে লিখ। ৩

ঘ. মি. আবুল কি সম্পূর্ণ ক্ষতিপূরণ পাবেন? মতামত দাও। ৪

১১.▶ রফিক ও শফিক দুই বন্ধু। তারা একই সাথে সুরমা লাইফ ইন্স্যুরেন্স কোং লি.-এ ১০ বছর মেয়াদি ১০ লক্ষ টাকার দুইটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। নির্দিষ্ট সময়ের পূর্বে জনাব রফিক চাকুরিচ্যুত হওয়ায় বিমার প্রিমিয়াম দেয়া আর সম্ভব হয়ে উঠে না। তবে শফিক তার মেয়াদ পূর্ণ করেন।

ক. সমর্পণ মূল্য কী? ১

খ. 'জীবন বিমা মানুষের প্রাত্যহিক জীবনের আর্থিক হাতিয়ার স্বরূপ'– কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২

গ. উদ্দীপকের শফিক বিমা কোম্পানির নিকট থেকে কী ধরনের সুবিধা পাবেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের দুই বন্ধুর বিমা সুবিধার চিত্র তুলে ধরো। ৪

Teachingbd24.com

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

পূর্ণমান– ৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

**১. রূপালী ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক?**
ক কেন্দ্রীয় খ বাণিজ্যিক
গ বিশেষায়িত ঘ আঞ্চলিক ব্যাংক

**২. বাণিজ্যিক ব্যাংকের উপস্থিতির ফলেই সম্ভব হয়েছে–**
i. ঋণ আমানত সৃষ্টি
ii. সঞ্চয় সংগ্রহ
iii. ভোক্তার দায় বাড়ানো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৩. জনগণের অর্থনৈতিক কল্যাণ সাধনের লক্ষ্যে নোট ও মুদ্রার প্রচলন এবং মুদ্রামান সংরক্ষণ করে কোন ধরনের ব্যাংক?**
ক বিশেষায়িত খ বাণিজ্যিক
গ কেন্দ্রীয় ঘ বিশ্বব্যাংক

**৪. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কার্যাবলির অন্তর্গত?**
ক ঋণ প্রদান
খ আমানত সংগ্রহ
গ বিনিময় বিলের বাট্টাকরণ
ঘ গ্রাহকদের চেকের অর্থ-সংগ্রহ

**৫. বাংলাদেশে প্রথম মুঠোফোন (Mobile) ব্যাংকিং সুবিধা চালু করে কোন ব্যাংক?**
ক ডাচ্ বাংলা ব্যাংক খ ব্র্যাক ব্যাংক
গ ওয়ান ব্যাংক ঘ সোনালী ব্যাংক

**৬. মিস. সুহানা কাপড় কিনতে ঢাকা হতে কুমিল্লা যাবেন। ব্যাংক হতে তিনি ৫ লক্ষ টাকার দলিল সংগ্রহ করেছেন, যা দলিলে উল্লিখিত ব্যাংক শাখায় নিয়ে ভাঙ্গাবেন। মিস. সুহানা ব্যাংক হতে কোন ধরনের দলিল সংগ্রহ করেছেন?**
ক পে-অর্ডার খ ব্যাংক নোট
গ চেক ঘ ব্যাংকের আজ্ঞাপত্র

**৭. সামাজিক জীবনে জীবন বিমার গুরুত্ব হচ্ছে–**
i. মৃত্যু পরবর্তী আর্থিক নিরাপত্তা
ii. কর্মসংস্থান
iii. ঝুঁকি হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. ব্যাংক অনুৎপাদনশীল খাতে আগাম মঞ্জুরে অগ্রাধিকার দেয় না কেন?**
ক উক্ত ঋণে জামানত রাখা হয় না
খ উক্ত ঋণে কম পরিমাণ মুনাফা অর্জিত হয়
গ ঋণ ফেরতের নিশ্চয়তা কম থাকে বলে
ঘ ঋণ দিলে তারল্য ঘাটতি হবে বলে

**৯. আদর্শিক ঝুঁকির পরিসর কোনটি?**
ক ৭৫ নম্বর এর নিচে
খ ৭৫-১২৫ এর মধ্যে
গ ১২৫-৫০০ এর মধ্যে
ঘ ৫০০ নম্বর এর উপর

**১০. অগ্নিবিমার জনক বলা হয় কাকে?**
ক এইচ. আর. ডেভিড
খ নিকোলাস বারবন
গ এডওয়ার্ড লয়েড
ঘ এইচ. এল. কোকরেল

**১১. পে-অর্ডার ও ব্যাংক ড্রাফট-এর মধ্যে নিচের কোনটি মিল আছে?**
ক উভয় দলিলই বিদেশে ব্যবহৃত হয়
খ উভয় দলিলেই তিনটি পক্ষ থাকে
গ একই নিকাশ ঘরের আওতাধীন
ঘ উভয় দলিলই ব্যাংক ইস্যু করে

**উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব আলমগীর সোনালী ব্যাংকের একজন আমানতকারী। তিনি তার ব্যবসায়িক লেনদেনের জন্য প্রায়ই চেক প্রদান করেন। তিনি চেকের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করে তা প্রাপককে দেন।

**১২. জনাব আলমগীর কী উপায়ে চেকের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করতে পারে?**
ক দাগকাটা চেক প্রদান করে
খ বাহক চেক প্রদান করে
গ অগ্রিম চেক প্রদান করে
ঘ হুকুম চেক প্রদান করে

**১৩. জনাব আলমগীরের প্রদত্ত চেক হারিয়ে গেলেও আর্থিক ক্ষতি সংঘটিত হয় না কেন?**
ক চেকের বাহক যেকোনো হিসাব থেকে টাকা সংগ্রহ করে বলে
খ চেক খুঁজে বের করার প্রযুক্তি বিদ্যমান
গ প্রাপকের অবশ্যই চেকে উল্লিখিত নামানুসারে হিসাব থাকতে হবে
ঘ ব্যাংক আগে থেকে বিষয়টি জ্ঞাত বলে

**১৪. প্রয়োজনীয় সামগ্রী ক্রয়ে সহায়তা করার জন্য গঠিত বিশেষ ব্যাংকিং প্রতিষ্ঠানকে কী বলে?**
ক মার্চেন্ট ব্যাংক
খ ক্ষুদ্র ও কুটির শিল্প ব্যাংক
গ বিনিময় ব্যাংক
ঘ ভোক্তা ব্যাংক

**১৫. জীবন বিমার ক্ষেত্রে বিমাকৃত অর্থের সাথে ঘোষিত বোনাস যুক্ত হয়ে যখন পরিশোধ করা হয় তখন তাকে কী বলে?**
ক প্রত্যাবর্তনশীল বোনাস
খ নগদ বোনাস
গ কিস্তি হ্রাসকারী বোনাস
ঘ বাট্টাকৃত বোনাস

https://teachingbd24.com

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**

সদ্য প্রতিষ্ঠিত হালদা ব্যাংক লি. তাদের ৪০টি শাখায় ইন্টারনেট প্রযুক্তি সংযুক্ত করেছে। এ ব্যবস্থায় ব্যাংকটি নেটওয়ার্ক সিস্টেমের মাধ্যমে প্রতিটি শাখায় সহজেই যেকোনো তথ্য সরবরাহ করতে পারছে।

**১৬. হালদা ব্যাংক লি.-এর উল্লিখিত ব্যবস্থাটিকে কী নামে অভিহিত করা হয়?**

ⓚ সিস্টেম ব্যাংকিং ⓚ ই-ব্যাংকিং
ⓖ মোবাইল ব্যাংকিং ⓖ হোম ব্যাংকিং

**১৭. হালদা ব্যাংক লি.- এর এই ব্যবস্থার অসুবিধা হলো-**

i. নিরাপত্তার অভাব
ii. পাসওয়ার্ড জালিয়াতি
iii. অর্থ উত্তোলনে সময় ব্যয়

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৮. বাণিজ্যিক ব্যাংকের তহবিলের প্রধান উৎস হলো–**

(ক) আমানত হিসাবে সংগৃহীত তহবিল
(খ) সঞ্চিতি তহবিল
(গ) পরিশোধিত মূলধন
(ঘ) কেন্দ্রীয় ব্যাংক হতে ঋণ

**১৯. পণ্য সামগ্রীর ক্ষতি হলে বিমা দাবি আদায়ের জন্য কোন দলিলটির গুরুত্ব অনেক?**

(ক) চার্টার পার্টি
(খ) জরিপকারীর প্রতিবেদন
(গ) চালানি রসিদ
(ঘ) প্রতিবাদপত্র

**২০. হোম ব্যাংকিং-এ প্রয়োজন পড়ে–**

i. কম্পিউটার টার্মিনাল
ii. গ্রাহকের PIN নম্বর
iii. ব্যাংকের সরবরাহকৃত সফটওয়্যার

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও iii (খ) i ও ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব নিজাম একজন নির্মাণ শ্রমিক। দৈনন্দিন যা আয় হয় তার পুরোটা খরচ না করে তিনি কিছু কিছু জমা করেন। এখন তিনি সঞ্চিত অর্থ নিরাপদে সংরক্ষণের কথা ভাবছেন।

**২১. জনাব নিজাম কোন ধরনের ব্যাংকে অর্থ সংরক্ষণ করতে পারবেন?**

(ক) কেন্দ্রীয় (খ) সমবায়
(গ) বিনিময় ব্যাংক (ঘ) বাণিজ্যিক

**২২. জনাব নিজামের জন্য কোন ধরনের হিসাব প্রযোজ্য?**

(ক) চলতি (খ) সঞ্চয়ী (গ) স্থায়ী (ঘ) বিশেষ

**২৩. অঙ্গীকারপত্রে উল্লেখিত অর্থ কিভাবে পরিশোধযোগ্য?**

(ক) বিদেশি মুদ্রায় (খ) পণ্য দিয়ে
(গ) স্বর্ণমুদ্রায় (ঘ) বিহিত মুদ্রায়

**২৪. জনাব গণি আগে কখনও বিমা করেন নি। কিন্তু সম্প্রতি তিনি একটি কারখানা করতে গিয়ে সরকারি অনুমতি লাভে বিমা করার শর্ত জুড়ে দেয়া হয়েছে। বিমা করার ব্যাপারে প্রথমে আপত্তি থাকলেও এখন বিমা না করে উপায় নেই। জনাব গণিকে কোন ধরনের বিমা করতে শর্ত দেয়া হয়েছে–**

(ক) জীবন (খ) দায় (গ) গ্রুপ (ঘ) অগ্নি

**২৫. কোন বিমার ক্ষেত্রে বিমাগ্রহীতাকে দাবি হিসাবে অর্থ পরিশোধ করা হয় না?**

(ক) স্বাস্থ্য (খ) জীবন
(গ) অক্ষমতা (ঘ) শস্য

**২৬. নমুনা স্বাক্ষর কার্ডের অন্তর্ভুক্ত বিষয় হলো–**

i. হিসাবের শিরোনাম ও গ্রাহকের নাম
ii. নমিনীর নাম ও স্বাক্ষর
iii. গ্রাহকের স্বাক্ষর

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৭. রিয়ানা একজন তরুণ শিল্পপতি। লেনদেনের স্বার্থে উত্তম ব্যাংক বাছাইয়ের ক্ষেত্রে ব্যাংকের কোন গুণকে তিনি প্রাধান্য দিবেন?**

(ক) গ্রাহক সেবার মান
(খ) আমানত সংগ্রহে সামর্থ্য
(গ) নিরাপত্তা ব্যবস্থা
(ঘ) ঋণ আদায়ের সক্ষমতা

**২৮. স্থালাভিষিক্ততার নীতি নিচের কোন ধরনের ক্ষতির বেলায় প্রযোজ্য?**

(ক) বিশেষ আংশিক ক্ষতি
(খ) সাধারণ আংশিক ক্ষতি
(গ) প্রকৃত সামগ্রিক ক্ষতি
(ঘ) ত্যাগ স্বীকার

**২৯. যে হিসাব নবায়নযোগ্য কিন্তু নির্দিষ্ট মেয়াদের জন্য করা হয় তাকে কী বলে?**

(ক) স্থায়ী হিসাব (খ) সঞ্চয়ী হিসাব
(গ) চলতি হিসাব (ঘ) শ্রমিক সঞ্চয়ী হিসাব

**৩০. অগ্নিজনিত ক্ষতি সংঘটনের প্রত্যক্ষ কারণ কোনটি?**

(ক) স্থাপনার লাগোয়া অবস্থান
(খ) অবহেলা ও অজ্ঞতা
(গ) ত্রুটিপূর্ণ নির্মাণ কাঠামো
(ঘ) নিম্নমানের উপকরণের ব্যবহার

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com